দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 MAY 1989
পৃষ্ঠা ... ৫কলাম ৭...

৭৭

## সোভিয়েট ইউনিয়নের পিএইচডি ডিগ্রী

### জনমত

চিকিৎসা শাস্ত্রের বিভিন্ন বিষয়ে অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপক নিয়োগের জন্য একটি দৈনিকে বিজ্ঞপ্তি প্রচারিত হয়েছে। এই নিযুক্তির একটি শর্ত হলো প্রার্থীর বিভিন্ন ডিগ্রী বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক অনুমোদিত হতে হবে।

কিন্তু সোভিয়েট ইউনিয়ন থেকে প্রাপ্ত বিভিন্ন বিষয়ে পি-এইচ ডি ডিগ্রীর স্বীকৃতি বিএম-ডিসি এখনও দেয়নি—যদিও বাংলাদেশ সরকার ১৯৮৭ সালের ১৪ই জুন সোভিয়েট সরকারের সাথে সম্পাদিত প্রটোকলের মাধ্যমে উক্ত ডিগ্রীর স্বীকৃতি প্রদান করেছেন। বিএমডিসি'র স্বীকৃতির অভাবে সোভিয়েট ইউনিয়নে পিএইচডি ডিগ্রীধারীরা উক্ত পদসমূহের জন্য প্রার্থী হওয়ার যোগ্য না ব্যাপারটা বেদনাদায়ক এবং সংশিষ্ট পি-এইচডি ডিগ্রীধারীদের কর্মে নিয়োগের পথে বাধা স্বরূপ।

এই ব্যাপারে পত্র-পত্রিকায় বহু লেখালেখি হয়েছে। কিন্তু সরকার এবং বিএমডিসি এ ব্যাপারে এখনও নির্বিকার। বিষয়টি যে কত বড় মানবিক এবং সামাজিক সমস্যার সৃষ্টি করেছে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এখনও অনুধাবন করেছেন বলে মনে হয় না।

বিএমডিসি উক্ত ডিগ্রীর স্বীকৃতি প্রদান করলে অথবা সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয় দি মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল এ্যাক্ট, ১৯৮০-এর তৃতীয় তফসিলে সোভিয়েট ইউনিয়নের পিএইচডি ডিগ্রী অন্তর্ভুক্ত করে নিলেই সমস্যাটির সমাধান হয়ে যেতো।

বিএমডিসি এ ব্যাপারে ত্বরিত ও অনুকূল সিদ্ধান্ত না নিলে এই পিএইচডি ডিগ্রীধারী ডাক্তাররা উপরেউল্লিখিত পদসমূহের জন্য প্রার্থী হতে পারবে না।

মীর মোখলেছুর রহমান,
এডভোকেট, সুপ্রীমকোর্ট,
ঢাকা।